# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৬২

১/ বিবিধ

আরবী

إذا أقرض أحدكم قرضا فأهدي له، أو حمله على الدابة، فلا يركبها، ولا يقبله إلا أن يكون جري بينه وبينه قبل ذلك
ضعيف

أخرجه ابن ماجه (2/81) : حدثنا هشام بن عمار: حدثنا إسماعيل بن عياش: حدثني عتبة بن حميد الضبي عن يحيى بن أبي إسحاق الهنائي قال: سألت أنس بن مالك الرجل منا يقرض أخاه المال فيهدي له؟ قال: قال رسول الله صلى الله عليه وسلم .. فذكره
قلت: وهذا إسناد ضعيف ظاهر الضعف، فإن إسماعيل بن عياش ضعيف في روايته عن
غير الشاميين وهذه منها لأن عتبة هذا بصري، وهو صدوق له أوهام كما في التقريب
وله علة أخرى فقد قال في الزوائد
في إسناده عتبة بن حميد الضبي ضعفه أحمد وأبو حاتم، وذكره ابن حبان في الثقات "، ويحيى بن أبي إسحاق لا يعرف
وأخرجه البيهقي (5/350) من طريق سعيد بن منصور: حدثنا إسماعيل بن عياش به إلا أنه قال: " يزيد بن أبي يحيى "، ثم أخرجه من طريق أخرى عن هشام به مثل رواية ابن ماجه. ثم قال البيهقي

" قال المعمري: قال هشام في هذا الحديث: " يحيى بن أبي إسحاق الهنائي
ولا أراه إلا وهم، وهذا حديث يحيى بن يزيد الهنائي عن أنس، ورواه شعبة
ومحمد بن دينار فوقفاه
قلت: ويحيى بن يزيد من رجال مسلم لكن استظهر ابن التركماني في " الجوهر النقي
" أن الحديث لابن أبي إسحاق لا لابن يزيد. وقد علمت أن ابن أبي إسحاق هذا
مجهول، وبه صرح الحافظ في التقريب
وبالجملة فللحديث خمس علل
ضعف إسماعيل بن عياش
ضعف عتبة بن حميد الضبي
الاضطراب في سنده
جهالة ابن أبي يحيى
روايته موقوفا
فالعجب من رمز السيوطي لحسنه كما نقله المناوي في " الفيض ثم تبناه في
التيسير "! وأعجب منه قول العزيزي: " وهو حديث صحيح " كما نقله شارح "
الموافقات " (2/384) فإن الحديث مع هذا الضعف الذي في إسناده يعارضه حديث
أبي
هريرة في " الصحيحين " وغيرهما أن رجلا تقاضى رسول الله صلى الله عليه وسلم
فأغلظ له، فهم أصحابه به، فقال: " دعوه؛ فإن لصاحب الحق مقالا، اشتروا له
بعيرا فأعطوه "، قالوا: إنا نجد له سنا أفضل من سنه، قال: " اشتروه
فأعطوه إياه؛ فإن خيركم أحسنكم قضاء ". وأحاديث زيادته صلى الله عليه وسلم
في الوفاء وحثه على ذلك كثيرة مستفيضة أخرجها البيهقي (5/351 - 352) وبعضها
في صحيح البخاري
ففي هذه الأحاديث إقراره صلى الله عليه وسلم للدائن على أخذ الزيادة التي قدمها
إليه المدين باختياره، وحض المدين على الزيادة في الوفاء، وقد أمر بذلك

صلى الله عليه وسلم بقوله: " من صنع إليكم معروفا فكافئوه، فإن لم تستطيعوا أن تكافئوه، فادعوا له حتى تعلموا أن قد كافأتموه ". وهو مخرج في " الصحيحة
□□□ □

ثم رأيت لشيخ الإسلام ابن تيمية بحثا حول هذا الحديث في " إقامة الدليل على إبطال التحليل " (ص 127 ـ 128) ج3 من الفتاوي ذهب فيه إلى أن الحديث حديث حسن
. وأن راويه عن أنس قال: " إنما هو ـ والله أعلم ـ يحيى بن يزيد الهنائي
فلعل كنية أبيه أبو إسحاق وهو ثقة من رجال مسلم، قال: وعتبة بن أبي حميد معروف بالرواية عن الهنائي، قال فيه أبو حاتم: هو صالح الحديث، وأبو حاتم من أشد المزكين شرطا في التعديل، وقد روى عن الإمام أحمد أنه قال: هو ضعيف ليس بالقوي، لكن هذه العبارة يقصد بها أنه ممن ليس يصحح حديثه، بل هو ممن يحسن حديثه، وقد كانوا يسمون حديث مثل هذا ضعيفا ويحتجون به لأنه حسن، إذ لم يكن الحديث إذ ذاك مقسوما إلا إلى صحيح وضعيف، وفي مثله يقول الإمام أحمد : الحديث الضعيف خير من القياس. يعني الذي لم يقوقوة الصحيح، مع أن مخرجه حسن. وإسماعيل بن عياش حافظ ثقة في حديثه عن الشاميين وغيرهم، وإنما يضعف حديثه عن غيرهم نظر، وهذا الرجل بصري الأصل
قلت: وفي هذا الكلام ملاحظات، أهمها قوله: " إن حديث إسماعيل صحيح عن الشاميين وغيرهم، وإنما يضعف حديثه عن الحجازيين فقط
وهذا عندي خطأ والصواب العكس تماما، أعني حديثه عن الشاميين فقط صحيح وعن
غيرهم من الحجازيين والعراقيين ضعيف وهو ما صرحت به عبارات الأئمة بعضهم بصريح كلامهم وبعضهم بعمومه فقال ابن معين في رواية مضر بن محمد الأسدي عنه
" إذا حدث عن الشاميين وذكر الخبر فحديثه مستقيم، وإذا حدث عن الحجازيين

والعراقيين خلط ما شئت

وقال أحمد: هو في الشاميين أحسن حالا مما روى عن المدينيين وغيرهم

ونحوه عن أبي داود. وقال ابن المديني

" كان يوثق فيما روى عن أصحابه أهل الشام، فأما ما روى عن غير أهل الشام ففيه ضعف

وفي رواية ابنه عبد الله عنه

" خلط في حديثه عن أهل العراق "

وقال ابن عدي

" وحديثه عن الشاميين مستقيم وهو في الجملة ممن يكتب حديثه ويحتج به في حديث

الشاميين خاصة "

وقال الحافظ في " تهذيب التهذيب "

" وضعف روايته عن غير الشاميين أيضا النسائي وأبو أحمد الحاكم والبرقي والساجي

قلت: والبخاري أيضا، ونص كلامه كما في " تاريخ بغداد " (6/224)

" إذا حدث عن أهل بلده فصحيح، وإذا حدث عن غير أهل بلده ففيه نظر "

فهذه النقول عن هؤلاء الفحول تؤيد ما ذهبنا إليه، وهو المشهور عند المشتغلين بعلم السنة كما قال الحافظ في التقريب

" صدوق في روايته عن أهل بلده، مخلط في غيرهم "

وقد أفسد جملته الأخيرة المحشي عليه حيث قال

" مخلط في غيرهم. أي عن أهل الحجاز "

وهذا خطأ كخطأ ابن تيمية، وقصد الحافظ بعبارته أوسع من ذلك. ولم أجد من سبق شيخ الإسلام إلى القول بأن حديثه عن الشاميين وغيرهم إلا الحجازيين صحيح

وقد بين ابن حبان سبب ضعفه في غير الشاميين بقوله في " الضعفاء " (1/125)

" كان إسماعيل من الحفاظ المتقنين في حداثته، فلما كبر تغير حفظه، فما حفظ في صباه أتى به على جهته، وما حفظ على الكبر من حديث الغرباء غلط فيه وأدخل الإسناد في الإسناد، وألزق المتن بالمتن وهو لا يعلم، فمن كان هذا نعته حتى صار الخطأ في حديثه يكثر، خرج عن حد الاحتجاج به

وقد ذكر الخطيب أن إسماعيل قدم قدمتين: الأولى إلى الكوفة، والأخرى إلى بغداد، وولاه أبو جعفر المنصور خزانة الكسوة، وحدث بها حديثا كثيرا، ثم حكى أن وفاته كانت سنة إحدى أواثنتين وثمانين ومائة. ولكنه لم يذكر موضع وفاته أهو بغداد أم حمص

إذا عرفت ما سبق يتبين لك أن الحديث ضعيف الإسناد لأن شيخ إسماعيل فيه بصري غير

شامي، وأن الشيخ ابن تيمية أخطأ في تحسينه، كيف لا وفي الحديث العلل الأخرى والجواب عن بقية كلام الشيخ يطول وحسبنا ما تقدم

هذا من جهة إسناد الحديث، وأما من جهة متنه فقد ذكرت فيما تقدم أنه معارض بحديث الصحيحين مما يؤكد ضعفه، ولكن شيخ الإسلام رحمه الله حمله على الهدية قبل الوفاء، فإذا صح هذا فلا تعارض بينهما، لكن ظاهر هذا الحديث أعم من ذلك

نعم ذكر الشيخ آثارا عن بعض الصحابة، بعضها صريح بما حمل عليه الحديث، لكن البحث إنما هو في متن الحديث هل هو خاص بما ذكر أوهو أعم من ذلك كما يظهر لنا

وقد قال الشيخ بعد تلك الآثار

" فنهي النبي صلى الله عليه وسلم هو وأصحابه المقرض عن قبول هدية المقترض قبل

الوفاء لأن المقصود بالهدية أن يؤخر الاقتضاء وإن كان لم يشترط ذلك ولم يتكلم به فيصير بمنزلة أن يأخذ الألف بهدية ناجزة وألف مؤخرة وهذا ربا، ولهذا جاز أن يزيده عن الوفاء ويهدي له بعد ذلك لزوال معنى الربا

وهذا كلام فقيه، وإنما البحث في إسناد الحديث ومعناه كما تقدم. فتأمل

বাংলা

১১৬২। তোমাদের কেউ যদি (কোন ব্যক্তিকে) ঋণ প্রদান করে, অতঃপর (ঋণগ্রহীতা) তাকে (ঋণ প্রদানকারীকে) হাদিয়্যাহ্ দেয়, অথবা সে যদি ঋণদাতাকে বাহনে আরোহণ করায় তাহলে সে (তার) বাহনে আরোহণ করবে না এবং কিছু গ্রহণ করবে না। তবে ঋণদাতা আর ঋণগ্রহীতার মাঝে যদি এরূপ রীতি পূর্ব থেকেই চলে এসে থাকে তাহলে ভিন্ন কথা।

হাদিসটি দুর্বল। (যদিও তিনি হাদীসটিকে পূর্বে “মিশকাত” গ্রন্থে সহীহ আখ্যা দিয়েছিলেন)।

হাদিসটি "ইবনু মাজাহ" হিশাম ইবনু আম্মার সূত্রে ইসমাইল ইবনু আয়্যাশ হতে, তিনি উতবাহ ইবনু হুমায়দ দব্বী হতে, তিনি ইয়াহইয়া ইবনু আবী ইসহাক হুনাঈ হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি সুস্পষ্ট দুর্বল। কারণ শামী ব্যতীত অন্যদের থেকে বর্ণনাকারী ইসমাঈল ইবনু আয়্যাশের বর্ণনা দুর্বল। আর এ বর্ণনাটি সেই সব বর্ণনার অন্তর্ভুক্ত কারণ উতবাহ বাসরী। তিনি সত্যবাদী তবে তার বহু সন্দেহযুক্ত বর্ণনা রয়েছে যেমনটি “আত-তাকরীব” গ্রন্থে এসেছে।

হাদীসটির আরেকটি সমস্যা হচ্ছে হচ্ছে এই যে, উতবাহ ইবনু হুমায়েদ দব্বীকে ইমাম আহমাদ ও আবু হাতিম দুর্বল আখ্যা দিয়েছেন। আর ইবনু হিব্বান তাকে “আস-সিকাত” গ্রন্থে উল্লেখ করেছেন। আর বর্ণনাকারী ইয়াহইয়া ইবনু আবী ইসহাককে চেনা যায় না। বাইহাকীর বর্ণনায় বর্ণনাকারী ইয়াহহিয়া ইবনু আবী ইসহাকের স্থলে ইয়াহইয়া ইবনু ইয়াযীদ হুনাঈ উল্লেখ করা হয়েছে।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটি ইয়াহইয়া ইবনু আবী ইসহাক কর্তৃক বর্ণনাকৃত, ইবনু ইয়াযীদ কর্তৃক নয়। আর অবগত হয়েছেন যে, ইবনু আবী ইসহাক একজন মাজহুল (পরিচয়হীন) বর্ণনাকারী। হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে স্পষ্ট করেই তা উল্লেখ করেছেন।

মোটকথাঃ হাদীসটির সমস্যা হচ্ছে পাঁচটিঃ

১। ইসমাঈল ইবনু আয়্যাশ দুর্বল।

২। উতবাহ ইবনু হুমায়েদ দব্বী দুর্বল।

৩। সনদের মধ্যে ইযতিরাব।

৪। ইবনু আবী ইয়াহইয়া মাজহুল (অপরিচিত)।

৫। হাদীসটি মওকুফ।

আশ্চার্যের ব্যাপার এই যে, এতোগুলো সমস্যা থাকার পরেও ইমাম সুয়ূতী হাসান আখ্যা দিয়েছেন। আর আরো বেশী আশ্চর্যের ব্যাপার হচ্ছে যে, হাদীসটিকে আযীযী সহীহ আখ্যা দিয়েছেন যেমনটি ভাষ্যকার "আল-মুওয়াফাকাত" গ্রন্থে (২/৩৮৪) উল্লেখ করেছেন।

হাদীসটির সনদ উল্লেখিত কারণে দুর্বল, উপরন্তু বুখারী, মুসলিম ও অন্যান্য হাদীস গ্রন্থে উল্লেখিত আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত হাদীসের সাথে সাংঘর্ষিক। কারণ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এক ব্যক্তি ঋণ পরিশোধের জন্য বাড়াবাড়ি করে কঠোরতা করলে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীগণ মৌখিকভাবে অথবা শারীরিকভাবে লাঞ্ছিত করতে উদ্যত হলে তিনি তাদেরকে বললেনঃ তোমরা তাকে ছেড়ে দাও। কারণ হকের অধিকারী ব্যক্তির কথা বলার অধিকার রয়েছে। বরং তোমরা তার জন্য একটি উট খরিদ করে তাকে দিয়ে দাও। তারা বললঃ আমরা তার জন্য তার পাওনা ছোট উটের চেয়ে বেশী বয়সের উট পাচ্ছি। এ সময় তিনি বললেনঃ তোমরা তার জন্য সেটিকেই খরিদ করে তাকে দিয়ে দাও। কারণ, তোমাদের মধ্যে সে ব্যক্তিই বেশী উত্তম যে ভালভাবে ঋণ পরিশোধ করে।" দেখুন বুখারী (২৩০৫, ২৩০৬, ২৩৯০) ও মুসলিম (১৬০১)।

রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঋণ পরিশোধের সময় ঋণদাতাকে এরূপ বেশী প্রদানের ব্যাপারে বহু হাদীসের মধ্যে উৎসাহিত করেছেন। ইবনু তাইমিয়্যাহ-ও হাদীসটিকে হাসান আখ্যা দিয়েছেন। কিন্তু এ ক্ষেত্রে তিনি ভুল করেছেন। কারণ ইমাম আহমাদ বলেনঃ শামীদের থেকে ইসমাঈল ইবনু আয়্যাশের বর্ণনার অবস্থা ভাল, তিনি মাদানী ও অন্যদের থেকে যা বর্ণনা করেছেন তার চেয়ে। আবু দাউদও অনুরূপ কথা বলেছেন।

ইবনুল মাদীনী বলেনঃ তার শামী সাথীদের থেকে বর্ণনার ক্ষেত্রে তাকে নির্ভরযোগ্য আখ্যা দেয়া হতো। আর তিনি শামী ব্যতীত অন্য যাদের থেকে বর্ণনা করেছেন তার সে সব বর্ণনার ব্যাপারে দুর্বলতা রয়েছে।

ইবনু আদীও শামী ব্যতীত অন্যদের থেকে ইসমাঈল ইবনু আয়্যাশের বর্ণনাকে দুর্বল আখ্যা দিয়ে বলেছেনঃ শুধুমাত্র শামীদের থেকে তার বর্ণনা সঠিক এবং শামীদের থেকে বর্ণিত তার হাদীস দ্বারা দলীল গ্রহণ করা যায়।

হাফিয ইবনু হাজার "তাহযীবুত তাহযীব" গ্রন্থে বলেনঃ শামী ছাড়া অনদের থেকে তার বর্ণনাকে ইমাম নাসাঈ, আবু আহমাদ হাকিম, বারকী ও সাজীও দুর্বল আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছিঃ ইমাম বুখারীও একই কথা বলেছেন। যেমনটি “তারীখু বাগদাদ” গ্রন্থে (৬/২২৪) এসেছেঃ তিনি বলেনঃ যদি তিনি তার দেশীদের থেকে বর্ণনা করেন তাহলে তার বর্ণনা সহীহ। আর যদি দেশী ছাড়া অন্যদের থেকে বর্ণনা করেন তাহলে তাতে বিরূপ মন্তব্য রয়েছে।

ইবনু হিব্বান "আয-যুয়াফা" গ্রন্থে (১/১২৫) শামীদের ছাড়া অন্যদের থেকে তার বর্ণনা দুর্বল হওয়ার কারণও বর্ণনা করেছেন।

আমরা বর্ণনা করেছি হাদীসটির সমস্যা শুধুমাত্র ইসমাঈলই নয়। বরং অন্যান্য বর্ণনাকারীদের মধ্যেও সমস্যা রয়েছে। এছাড়া হাদীসটির ভাবার্থ সহীহ হাদীসের ভাবার্থ বিরোধী হওয়াও হাদীসটি দুর্বল হওয়াকে আরো শক্তিশালী করছে।

অতএব হাদীসটির ব্যাপারে আমরা যে সিদ্ধান্ত দিয়েছি তাদের সিদ্ধান্তগুলো তাকেই শক্তি যোগাচ্ছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72041

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন